# রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা

**erajshahi.portal.gov.bd**

## ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ রোজ মঙ্গলবার বেলা ০২:৩০ ঘটিকায় (“সরিৎ দত্ত গুপ্ত” সভাকক্ষে কক্ষ নম্বর-৩০২) অনুষ্ঠিত গঠিত কমিটির ৯ম সভার কার্যপত্র ঃ

| ক্র: নং | আলোচ্যসূচি | গৃহীত সুপারিশ/সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| ১. | গত ১০ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৮ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ। | (ক) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপিত হলে কোনরুপ সংশোধনী না থাকায় ৮ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণের প্রস্তাব অনুমোদন।<br>(খ) “রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনাগার” শীর্ষক প্রকল্পের আওতায় ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপনে রাস্তা কাটা কার্যক্রম ওয়াসা রাজশাহী কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে সুনির্দিষ্ট পরিকল্পনামাফিক আগামী জাতীয় সংসদ নির্বাচন পর্যন্ত মহানগরীর পেরিফেরী রাস্তা কাটাকে অগ্রাধিকার এবং ক্ষতিপুরণ বাবদ ইতোপূর্বে সম্ভাব্য প্রাক্কলিত ব্যয়ে আংশিক পরিশোধের জন্য ওয়াসা কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়ে পত্র দেয়ার নিমিত্ত পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন ।<br>(গ) **সভায়** বিস্তারিত আলোচনান্তে ইতোপূর্বে শিক্ষা বৃত্তি প্রদান পরিচালনা কমিটি পুনঃগঠন পূর্বক কমিটির মাধ্যমে পূর্ণাঙ্গ নীতিমালা ও অনলাইনে আবেদন জমা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থাসহ শিক্ষাবৃত্তির সকল কার্যক্রম শিক্ষা কর্মকর্তা রাজশাহী সিটি কর্পোরেশন দায়িত্ব পালন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) স্থানীয় সরকার বিভাগের পত্রের আলোকে তিন চাকার স্বল্পগতির ব্যাটারী চালিত রিক্সা (ই-রিক্সা) স্ট্যান্ডার্ড মডেলের ডিজাইন ও স্পেসিফিকেশন রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় কিভাবে বাস্তবায়ন করা যায় সে বিষয়ে করণীয় নির্ধারনের জন্য নিম্নবর্নিত কর্মকর্তাগণের সমন্বয়ে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন । কমিটির রুপরেখাঃ<br>১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নেসকো ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং-১১ আহবায়ক<br>২। অতিরিক্ত পুলিশ কমিশনার -- সদস্য<br>৩। উপ-পরিচলক, বিআরটিএর উপযুক্ত প্রতিনিধি -সদস্য<br>৪। উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক) -সদস্য<br>৫। প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন -- সদস্য সচিব<br>গঠিত কমিটি প্রয়োজনীয় প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করবেন।<br>(ঙ) সভায় বিস্তারিত আলোচনান্তে গত ২২-০৭-২০২৫ তারিখে অনুষ্ঠিত নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ স্থায়ী কমিটির ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ,ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ, ণ ত মোট ১৬ টি সুপারিশসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন ।<br>(চ) **সভায় বিস্তারিত আলোচনান্তে** জন্ম ও মৃত্যু নিবন্ধন ব্যবস্থাপনা স্থায়ী কমিটির ক, খ, গ মোট ০৩ টি সুপারিশ অনুমোদনের সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন ।<br>(ছ) **সভায় বিস্তারিত আলোচনান্তে** জন্ম ও মৃত্যু নিবন্ধন ব্যবস্থাপনা স্থায়ী কমিটির ক মোট ০১ টি সুপারিশ অনুমোদনের সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।<br>(জ) **সভায় বিস্তারিত আলোচনান্তে** শিক্ষা. স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির ক ও খ মোট ০২ টি সুপারিশ অনুমোদনের সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন ।<br>(ঝ) নগরীর সৌন্দর্য্য ও সুনাম অক্ষুন্ন রাখার স্বার্থে নদীরধার অবৈধ দখলমুক্ত এবং পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণের জন্য প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন ।<br>(ঞ) রাজশাহী কেন্দ্রীয় বোটানিক্যাল গার্ডেন ও চিড়িয়াখানার প্রবেশপথে অবৈধ দোকানপাট যেন বসতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তাকে কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন ।<br>(ট) নগরীর ফুটপাতগুলো অবৈধ দখলমুক্ত করে জনসাধারণের চলাচলের উপযোগী করার বিষয়ে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তাকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন ।<br>(ঠ) সভায় বিস্তারিত আলোচনান্তে জননিরপত্তার স্বার্থে রাজশাহী মহানগরীর গুরুত্বপুর্ণ ৪৫ টি স্থানে ২০০ টি সিসি ক্যামেরা কেবল, সার্ভার মনিটর ও আনুষঙ্গিক মালামাল ক্রয়ে সম্ভাব্য ২,৩৫,৯০,১৩৯.০০ (দুই কোটি পয়ত্রিশ লক্ষ নব্বই হাজার একশত উনচল্লিশ টাকা) ব্যয় এবং উক্ত ব্যয় অত্র কর্পোরেশনের নিজস্ব তহবিল/ক্ষয়ক্ষতির পরিমান নিরুপন খাত হতে নির্বাহ করতঃ এবং কাজটি দ্রুত সম্পাদনের জন্য নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) দপ্তর হতে ই-জিপিতে (ঙএ্রগ) পদ্ধতীতে দরপত্র আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। |
| ২. | গত ০৫ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে ৭তলা বিল্ডিং এর জন্য বর্ণালী মোড়ের মরিয়ম টাওয়ারের পিছনে |

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচ্যসূচি</th><th>গৃহীত সুপারিশ/সিদ্ধান্তসমূহ</th></tr>
<tr><td></td><td>নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির ৪র্থ সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।</td><td>কর্ণার প্লট জেএল ৭৭, বহরমপুর মৌজা, আর এস ৫৫৮ দাগ, পরিমাণ ০.১৪১৮ একর জমি এবং গ্রীণ বিল্ডিং নির্মাণের জন্য পূর্ব নির্ধারিত জেএল ৮২, মৌজা-বড় বনগ্রাম, দাগ ২৩০৬, পরিমাণ ০.০৯০৭ একর বিশ্বব্যাংকের অর্থায়নে এলজিসিআরআরপি প্রকল্পের প্রকল্প পরিচালক বরাবর অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য পত্র প্রেরণের গৃহীত সুপারিশ অনুমোদন।<br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য পিপিআর-২০২৫ বিধিমালা অনুসরণে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিত করার গৃহীত সুপারিশ অনুমোদন।<br>(গ) সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের প্রাকৃতিক জলাশয়সমূহের সংরক্ষণ উন্নয়ন শীর্ষক প্রকল্পটি দ্রুততম সময়ে ডিপিপি প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে দাখিলের গৃহীত সুপারিশ অনুমোদন।<br>(ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী মহানগরীর কুমারপাড়া গুল গফুর পেট্রোল পাম্প হতে সাহেব বাজার বড় মসজিদ, বড়কুঠি, দরগাপাড়া মোড়, বরেন্দ্র জাদুঘর মোড় হয়ে ফায়ার ব্রিগেড মোড় পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন শীর্ষক প্রকল্পটির নতুন ভাবে সম্ভাব্যতা যাচাই করে দ্রুততম সময়ে ডিপিপি প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যায় মর্মে গৃহীত সুপারিশ অনুমোদন।<br>(ঙ) সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী বিমান বন্দর সড়কের বিমান চত্বর হতে রাজশাহী বাইপাস মহাসড়কের কাশিয়াডাঙ্গা রেলক্রসিং পর্যন্ত ৪ লেন সংযোগ সড়ক নির্মাণ প্রকল্পটির প্রস্তুতকৃত ডিপিপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের গৃহীত সুপারিশ অনুমোদন।<br>(চ) সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের ৩০টি ওয়ার্ডে সড়ক ও নর্দমা নির্মাণ প্রকল্পটির প্রস্তুতকৃত ডিপিপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের গৃহীত সুপারিশ অনুমোদন।<br>(ছ) সভায় বিস্তারিত আলোচনান্তে ৮টি স্কীম প্রকল্পে অন্তর্ভুক্তি ও প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী এর অতিরিক্ত ব্যয় বরাদ্দের অনুমোদন চেয়ে প্রকল্প পরিচালক বরাবর পত্র প্রেরণের গৃহীত সুপারিশ অনুমোদন।</td></tr>
<tr><td>৩.</td><td>LGCRRP প্রকল্পের আওতায় নির্মিত ক্ষতিগ্রস্থ CDC ভবন দুটি মেরামতের জন্য ৭,৬৮,২০৮.২৭ (সাত লক্ষ আটষট্রি হাজার দুইশত আট টাকা সাতাশ পয়সা) টাকা প্রাক্কলিত ব্যয় অনুমোদন এবং ব-মড় তে RFQ পদ্ধতিতে দরপত্র আহবানসহ পরবর্তী সকল কার্যক্রম বাস্তবায়নের অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>গত ৫ আগষ্ট ২০২৪ ইং তারিখে রাজনৈতিক সহিংসতায় ওয়ার্ড কার্যালয়সহ রাজশাহী সিটি কর্পোরেশন এর বিভিন্ন সরকারি স্থাপনা ক্ষতিগ্রস্থ হয়। এর প্রেক্ষিতে LGCRRP প্রকল্পের আওতায় ৬ ও ৩০ নং ওয়ার্ডে নির্মাণকৃত দুই তলা বিশিষ্ট নতুন ২টি স্থাপনা ক্ষতিগ্রস্থ হয়। ক্ষতিগ্রস্থ স্থাপনাদুটি মেরামত করার জন্য দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হয়। যার অর্থের পরিমাণ টাকা ৭,৬৮,২০৮.২৭ (সাত লক্ষ আটষট্টি হাজার দুই শত আট টাকা সাতাশ পয়সা)। প্রস্তুতকৃত দাপ্তরিক প্রাক্কলনটি অনুমোদন ও ভবন ২টি দ্রুত মেরামতের প্রয়োজনীয়তা থাকায় আরএফকিউ পদ্ধতিতে দরপত্র আহ্বান এর প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারে।</td></tr>
<tr><td>৪.</td><td>মহানগরী এলাকায় ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্র প্রদান সংক্রান্ত ফি ও ভ্যাট সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>মহানগরী এলাকায় যে সকল স্থানে রাসিকের পরিকল্পনা রয়েছে, সে সকল স্থানে ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্র প্রদান না করার বিষয়ে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষকে উক্ত স্থানসমূহের মৌজা, জে.এ.এল, দাগসমূহ পত্র মারফত জানানো রয়েছে। সেক্ষেত্রে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান যদি রাসিকের পরিকল্পনার আওতাধীন মৌজা, জে.এ.এল, দাগসমূহের ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্রের জন্য আবেদন করেন, তবে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে রাসিকের ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্র গ্রহণের নির্দেশনা দেন। এমতাবস্থায় রাসিক সরেজমিনে পরিদর্শনপূর্বক যাচাই বাছাই করে নির্ধারিত ফি এর বিপরীতে ১৫% ভ্যাট আদায়ের মাধ্যমে গ্রাহককে ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্র প্রদান করা যেতে পারে।</td></tr>
<tr><td>৫.</td><td>মহানগরী এলাকায় গ্যাস/পানি সংযোগের জন্য রাস্তা কাটার ফি নির্ধারণ ও রাস্তা কর্তনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>গ্যাস/পানি সংযোগের জন্য রাস্তা কাটার ফি নির্ধারণ ও রাস্তা কর্তন পরবর্তী জায়গা ভরাট বা লেভেলিং বিষয়ে কার্যপত্র ঃ
<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>বিবরণ</th></tr>
<tr><td>১। গ্যাস/ পানি সংযোগের জন্য রাস্তা কাটার ফি নির্ধারণ ও রাস্তা কর্তন পরবর্তী ঠিক করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।</td><td>গ্যাস/পানি সংযোগের জন্য রাস্তা কাটার ফি নির্ধারণ ও রাস্তা কর্তন বিষয়ে অত্র কর্পোরেশনের প্রকৌশল বিভাগের নথিতে (৫ই আগষ্ট, ২০২৪ ইং এ বিনষ্ট) রাস্তা কর্তন পরবর্তী সময়ে কর্তনকারী কর্তৃক যে সকল শর্ত মানতে হবে তা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ছিল। অনুমোদিত শর্তসমূহ এবং ক্ষতিপূরণ ফি নিম্নরুপ ঃ<br>শর্তসমূহ ঃ<br>১ রাস্তা কর্তনের পর প্রাপ্ত মালামাল দ্বারা নিজ দায়িত্বে কর্তনকৃত রাস্তার অংশ ভরাট ও লেভেলিং করতে হবে। ২. রাস্তা কর্তনের অনুমতি পত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে। ৩. রাস্তা কর্তনের অনুমতি পত্রের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে পুনরায় ক্ষতিপূরণ অর্থের ১০%(দশ) হারে অর্থ কর্পোরেশন তহবিলে জমা প্রদান সাপেক্ষে অনুমতি পত্র দেয়া হবে। ৪. বিগত তিন বছরের মধ্যে নির্মিত/মেরামতকৃত রাস্তা কর্তনের অনুমোদন দেয়া যাবে<br>ক্ষতিপূরণ ফি ঃ
<table>
<tr><th rowspan="3">ক্র: নং</th><th rowspan="3">রাস্তার ধরণ</th><th rowspan="3">রাস্তার পরিমাপ (বর্গমিটার)</th><th colspan="3">অনুমোদিত একক দর</th></tr>
<tr><th rowspan="2">ব্যক্তিগত খনন ফি (গভীরতা ১.৫০ মি: পর্যন্ত)</th><th colspan="2">সংস্থা কর্তৃক খনন ফি</th></tr>
<tr><th>গভীরতা ১.৫০ মি: পর্যন্ত</th><th>গভীরতা ১.৫০ মি: এর অধিক</th></tr>
</table>
</td></tr>
</table>
</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচ্যসূচি</th><th>গৃহীত সুপারিশ/সিদ্ধান্তসমূহ</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><th>১</th><th>২</th><th>৩</th><th>৪</th><th>৫</th><th>৬</th></tr>
<tr><td>১.</td><td>কাঁচা রাস্তা</td><td></td><td>৪৮২.০০</td><td>৪৮২.০০</td><td>৪৮২.০০</td></tr>
<tr><td>২.</td><td>ব্রিক পেভমেন্ট (এইচ.বি.বি পয়েন্টিং রাস্তা)</td><td></td><td>১৭৯২.০০</td><td>১৭৯২.০০</td><td>২০৩৩.০০</td></tr>
<tr><td>৩.</td><td>বিটুমিনাস রাস্তা (প্রাইমারী রোড)</td><td></td><td>৭৮৭১.০০</td><td>৭৮৭১.০০</td><td>৯৬১৯.০০</td></tr>
<tr><td>৪.</td><td>বিটুমিনাস রাস্তা (লোকাল রোড)</td><td></td><td>৬৩১২.০০</td><td>৬৩১২.০০</td><td>৭৬৮০.০০</td></tr>
<tr><td>৫.</td><td>সিসি রাস্তা</td><td></td><td>৪৯৪৬.০০</td><td>৪৯৪৬.০০</td><td>৬১৫১.০০</td></tr>
<tr><td>৬.</td><td>আরসিসি রাস্তা</td><td></td><td>৬৭০৪.০০</td><td>৬৭০৪.০০</td><td>৭৯৩০.০০</td></tr>
<tr><td>৭.</td><td>সি সি (ফুটপাত)</td><td></td><td>৩০২১.০০</td><td>৩০২১.০০</td><td>৩৩৮৪.০০</td></tr>
<tr><td>৮.</td><td>এনগ্রেড সিসি টাইলস (ফুটপাত)</td><td></td><td>৪৩৫৬.০০</td><td>৪৩৫৬.০০</td><td>৪৯৬৮.০০</td></tr>
<tr><td>৯.</td><td>ইউনিব্লক পেভার্স (ফুটপাত)</td><td></td><td>৩৯২৮.০০</td><td>৩৯২৮.০০</td><td>৪৫৪৫.০০</td></tr>
</table>
উপরোল্লিখিত নির্ধারীত ফি এবং শর্তসমূহ প্রতিপালন করে উক্ত কার্য সম্পাদন হয়ে আসছে এবং ইতোমধ্যে রাস্তা কাটার অনুমতি গ্রহণের নিমিত্ত ৫৯ জন গ্রাহক নির্ধারিত ফি এবং ১৫ % ভ্যাট অগ্রণী ব্যাংক, নগর ভবন শাখায় এসটিডি-২৩ নং হিসাবে জমা করেছেন এবং এ কার্যক্রম চলমান রয়েছে। কর্তনকারী কর্তৃক কর্তনকৃত স্থান সঠিকভাবে সংস্কার না হওয়ায় পরবর্তীতে জনদুর্ভোগ সৃষ্টি হচ্ছে। অনুমোদিত শর্তসমূহ পুনমূল্যায়ন হওয়া প্রয়োজন। এতদউদ্দেশ্যে আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্যই বিষয়টি অদ্যকার সভায় উপস্থাপিত হয়েছে।
</td></tr>
<tr><td>৬.</td><td>রাজশাহীস্থ হেরিটেজ বাংলাদেশের ইতিহাসের আর্কাইভস প্রতিষ্ঠানটি পরিচালনার বিষয়ে গত ০১.০২.২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভার প্রস্তাব অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>রাজশাহীস্থ হেরিটেজ বাংলাদেশের ইতিহাসের আর্কাইভস প্রতিষ্ঠানটি পরিচালনার বিষয়ে গত মে ২০২২ হতে অক্টোবর ২০২৪ পর্যন্ত ৩০ মাসে সর্বমোট ১৯,০০,০০০/- (উনিশ লক্ষ) টাকা অনুদান প্রদান করা হয়েছে।<br>সর্বশেষ ২রা মার্চ ২০২৫ তারিখে রাজশাহী সিটি কর্পোরেশনের ৪র্থ সভায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত কমিটির সভার বিবিধ -৯-(ক) সিদ্ধান্ত মোতাবেক অনুদান স্থগিত করা হয়।<br>অনুদান স্থগিতের প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে রাজশাহীস্থ হেরিটেজ বাংলাদেশের ইতিহাসের আর্কাইভসকে প্রতিষ্ঠানটি পরিচালনা ও কর্পোরেশন কর্তৃক আর্থিক অনুদান চলমান রাখার ক্ষেত্রে ‘স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪’ এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির আগামী সভায় বিষয়টি নিয়ে আলোচনাপূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থাপন করা হলো।</td></tr>
<tr><td>৭.</td><td>রিভিউ বোর্ডের সম্মানিত চেয়ারম্যানের ভাতা ৩০০.০০ (তিনশত) টাকার স্থলে ১০০০.০০ (এক হাজার) টাকা এবং সদস্যবৃন্দের সম্মানী ভাতা ২০০.০০ (দুইশত) টাকার স্থলে ৮০০.০০ (আটশত) টাকা নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-২ শাখার গত ২৮.০৬.২০২১ খ্রি. তারিখের পত্র সংখ্যা : ৪৬.০০.০০০০. ০৭১.২২.০০৮.২০১৫-৪৫১ অনুযায়ী রিভিউ বোর্ডের সম্মানিত চেয়ারম্যানের ভাতা ৩০০.০০ এবং সদস্য এর সম্মানী ভাতা ২০০.০০ (দুইশত) টাকা নির্ধারিত আছে।</td></tr>
<tr><td>৮.</td><td>কেন্দ্রীয় উদ্যান ও চিড়িয়াখানা : ইউনিট এলাকার প্রশিক্ষণ সহায়ক হিসেবে নির্মিত সারভাইভাল ভিলেজ এর জন্য ২টি শৌখিন চিত্রা হরিণ বিক্রয় এবং ৩টি হরিণ অনুদান হিসেবে প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>কেন্দ্রীয় উদ্যান ও চিড়িয়াখানায় প্রতিটি হরিণের মূল্য পরবর্তী পরিষদ কর্তৃক ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা করে নির্ধারণ করাছিল। উল্লেখ্য যে, গত ৫ আগস্ট ২০২৪ তারিখে চিড়িয়াখানার অফিস ভাংচুর, মাছ ও কিছু পাখিসহ গুরুত্বপূর্ণ নথি, হরিণ ধরার যন্ত্রপাতি ও চিকিৎসা সরঞ্জামসহ অফিস হতে আলমারী লুট হয়ে যায়। হরিণ ধরার সরঞ্জাম (৬টি সিরিজ) আনার জন্য ঢাকা চিড়িয়াখানায় যোগাযোগ করা হয়েছে। চিড়িয়াখানা হতে বন বিভাগ কর্তৃক প্রদত্ত লাইসেন্স, নির্ধারিত বিক্রয় মূল্য এবং সরকারি ভ্যাট-ট্যাক্স পরিশোধ সাপেক্ষে হরিণ বিক্রয় করা হয়ে থাকে। তবে অনুমোদনের বিষয়টি কর্তৃপক্ষের সিদ্ধান্তের উপর নির্ভর করে।</td></tr>
<tr><td>৯.</td><td>সিটি নার্সিং কলেজের আয়-ব্যয়, ব্যাংক হিসাব, জনবল নিয়োগ নিরীক্ষার জন্য গত ১১.১১.২০২৫ খ্রি. তারিখের ৪৬.১২.০০০০.০০৩.৫০.৭৩৭.২২.২৫১/১ নং স্মারকে গঠিত কমিটির প্রতিবেদন পর্যালোচনা এবং বকেয়া বেতন ভাতাদি (মার্চ ২০২৫ হতে অদ্যবধি পর্যন্ত) প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>(ক) সিটি নার্সিং কলেজ ডেকোরেশনে কত টাকা বিনিয়োগ/ব্যয় হয়েছে।<br>(খ) কলেজ চালুকরণের অনুমতি পত্র রয়েছে কিনা ?<br>(গ) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের সংখ্যা ?<br>(ঘ) সিটি নার্সিং কলেজের জনবল নিয়োগ কার্যক্রম যথাযথ প্রক্রিয়ায় হয়েছি কিনা ?<br>(ঙ) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগে যে বেতনস্কেল প্রদান করা হয়েছে তা স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুমোদন রয়েছে কিনা?<br>(চ) সিটি নার্সিং কলেজের জনবল মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কিনা ?<br>(ছ) সিটি নার্সিং কলেজের ব্যাংক হিসাব সংক্রান্ত নিরীক্ষা।<br>(জ) কলেজের আয় ব্যয়ের হিসাব নিরীক্ষা।<br>(ঝ) বিদ্যুৎ বিল পরিশোধের কপি নিরীক্ষা।<br>আলোচ্য বিষয়সমূহের বিপরীতে গঠিত কমিটি কর্তৃক গৃহীত সুপারিশ সম্পর্কে আলোচনা।</td></tr>
<tr><td>১০.</td><td>রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত CDC এর কার্যক্রম ও আয়-ব্যয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>(ক) কমিউনিটি উন্নয়ন শাখা এর কার্যক্রম।<br>প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে কমিউনিটি</td></tr>
</table>

| ক্র: নং | আলোচ্যসূচি | গৃহীত সুপারিশ/সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| | | ডেভেলপমেন্ট শাখার কার্যক্রম নিম্নরূপ<br>১। কমিউনিটিভিত্তিক সংগঠন শক্তিশালী করা কমিউনিটি পর্যায়ে দরিদ্রদের সংগঠন তৈরি করা<br>টেকসই সংগঠনের লক্ষ্যে কমিউনিটিভিত্তিক সিডিসির সঞ্চয় ও ঋণ কার্যক্রম জোরদার করা কমিউনিটি পর্যায়ের দরিদ্রদের সংগঠনগুলোর সক্ষমতা বাড়ানো<br>২। শহরে বসবাসরত দরিদ্রদের জন্য আবাসন ব্যবস্থা ঃ<br>ভূমির ভোগ দখলি নিরাপত্তা বাড়ানো<br>গৃহঋণ প্রাপ্তির সুযোগ বাড়ানো ও অর্থায়ন<br>নগরে দরিদ্রদের সামর্থ্য অনুযায়ী কম খরচে আবাসন নির্মাণ ও সংস্কার<br>৩। নারীদের দক্ষতা বৃদ্ধি ও কর্মসংস্থান<br>নগরে বসবাসরত দরিদ্রদের দক্ষতা বাড়ানো, কর্মসংস্থান ও ব্যবসার সুযোগ সৃষ্টি নগরে দরিদ্র বিশেষত গর্ভবতী ও দুগ্ধদানকারী মায়েদের জন্য পুষ্টি সহায়তা বাল্য বিবাহ, নারী ও মেয়েদের প্রতি সহিংসতা প্রতিরোধে পদক্ষেপে সহায়তা<br>৪। কমিউনিটিভিত্তিক জলবায়ু সহিষ্ণু নগর অবকাঠামো উন্নয়ন<br>৫। নারী উদ্যোক্তা সৃষ্টি করা।<br>৬। দরিদ্রবান্ধব নগর ব্যবস্থাপনা গঠনে সহায়তা করা এবং বস্তি উন্নয়ন কমিটিকে সহায়তা করা<br>৭। রাজশাহী সিটি কর্পোরেশন এর সঙ্গে যে সমস্ত উন্নয়ন সংস্থা (এনজিও) বস্তিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠির উন্নয়ন এর জন্য প্রকল্প ভিত্তিক কার্যক্রম করে তাদের সঙ্গে যোগাযোগ ও সমন্বয় করা।<br>**(খ) একনজরে সিএইচডিএফ এর আর্থিক সংক্রান্ত তথ্য**<br>১. মোট মূলধনের পরিমান= ৬,৪৪,৭৯,২৫৭.০০ (ছয় কোটি চুয়াল্লিশ লক্ষ ঊনআশি হাজার দুইশত সাতান্ন) টাকা।<br>২. মোট আয়ের পরিমান= ৭,১৮,৯৭,১৯৪.০০ (সাত কোটি আঠারো লক্ষ সাতানব্বই হাজার একশত চুরানব্বই) টাকা।<br>৩. মোট এফডিআর এর পরিমান= ১,৬০,০০০০০.০০ (এক কোটি ষাট লক্ষ) টাকা।<br>৪. মোট ঋণ প্রদান= ১০,১,১৫০০০.০০ (দশ কোটি এক লক্ষ পনের হাজার) টাকা।<br>৫. মোট ঋণী সদস্য= ৫৩৬ জন<br>৬. মোট খরচের পরিমান= ৭৫,৬৩,০৫৬.০০ (পঁচাত্তর লক্ষ তেষট্টি হাজার ছাপান্ন) টাকা।<br>৭. বর্তমানে মোট ব্যাংক স্থিতি= ১,১২,৯৮,৩৯৫.০০ (এক কোটি বারো লক্ষ আটানব্বই হাজার তিনশত পঁচানব্বই) টাকা |
| ১১. | বিবিধ | |